



দরপত্র বিজ্ঞপ্তি
সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ
পূর্ত শাখা, ঢাকা


নথি নং ৪৪.০২.১২০৫.০০৭.০৩.৩১০.১৮

তারিখ : ১৫ জুলাই ২০১৮ ইং

পুরাতন অকেজো মালামাল নিলামে বিক্রয়ের জন্য দরপত্র বিজ্ঞপ্তি

সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ, পিলখানা, ঢাকা পূর্ত শাখা স্টোরে রক্ষিত পুরাতন ও ব্যবহার অনুপযোগী বৈদ্যুতিক, স্যানিটারী, ফার্নিচার এবং বিবিধ মালামাল যেখানে যে অবস্থায় আছে তা নিলামে বিক্রয়ের জন্য সকল শ্রেণীর ঠিকাদার/ঠিকাদারী প্রতিষ্ঠান/ফার্ম/ব্যবসায়ী/আগ্রহী ব্যক্তিবর্গের নিকট হতে (যাদের অনুমোদিত ভ্যাট নিবন্ধনপত্র আছে) সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে।

- ১। মালামালের বিবরণ : পুরাতন ও ব্যবহার অনুপযোগী বৈদ্যুতিক, স্যানিটারী এবং ফার্নিচার/বিবিধ মালামাল
- ২। নিলাম বিজ্ঞপ্তির সূত্র : সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ, প্রশাসন শাখা, প্রশাসন পরিদপ্তর, ঢাকা পত্র নং ৪৪.০২.১২০৫.০০৪.০২.৩৩৯.১৮.১১১ তারিখ ০৩ জুন ২০১৮ ইং।
- ৩। নিলাম দরপত্রের সিডিউল বিক্রয়কারী দপ্তরের নাম : সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ, পূর্ত শাখা, পিলখানা, ঢাকা।
- ৪। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ : ১৬ জুলাই ২০১৮ ইং।
- ৫। নিলাম দরপত্রের সিডিউল বিক্রয়ের শেষ তারিখ ও সময় : ১৯ জুলাই ২০১৮ ইং (অফিস চলাকালীন সময়ে)।
- ৬। নিলাম দরপত্র গ্রহণের স্থান, তারিখ ও সময় : সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ, পূর্ত শাখা, পিলখানা, ঢাকা।
২২ জুলাই ২০১৮ ইং তারিখ ১২০০ ঘটিকা পর্যন্ত।
- ৭। নিলাম দরপত্র খোলার স্থান, তারিখ ও সময় : সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ, পূর্ত শাখা, পিলখানা, ঢাকার কার্যালয়ে রক্ষিত তালাবন্ধ বাস্কটি (দরপত্র দাতাগণের উপস্থিতিতে) ২২ জুলাই ২০১৮ ইং তারিখ ১২৩০ ঘটিকায় খোলা হবে।
- ৮। কাজ সমাপ্তি তারিখ : কার্যাদেশ প্রাপ্তির তারিখ হতে ০৭ (সাত) দিনের মধ্যে সমুদয় অর্থ (নিলামের কোডকৃত অর্থের সাথে আয়কর ও ভ্যাটসহ) পরিশোধ সাপেক্ষে নিলামকৃত মালামাল সদর দপ্তর, বর্ডার গার্ড বাংলাদেশ, পূর্ত শাখা স্টোর হতে সরিয়ে নিতে হবে।
- ৯। নিলাম দরপত্রের সিডিউলের মূল্য : ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য)।
- ১০। নিলামযোগ্য মালামাল পরিদর্শন : আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের প্রতিনিধি কর্তৃক বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশিত হওয়ার পর থেকে প্রত্যহ অফিস চলাকালীন সময়ে সদর দপ্তর বর্ডার গার্ড বাংলাদেশ, পূর্ত শাখা স্টোরে রক্ষিত নিলামযোগ্য সকল মালামাল পরিদর্শন করা যাবে।
- ১১। বায়নার টাকার পরিমাণ : মোট কোডকৃত মূল্যের শতকরা ২৫% (শতকরা পঁচিশ ভাগ) টাকা (অকৃতকার্য হলে ফেরতযোগ্য) মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ এর অনুকূলে যে কোন তফসিল ব্যাংক হতে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দরপত্রের সাথে অবশ্যই দাখিল করতে হবে। বায়নার টাকা ব্যতীত কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ১২। অন্যান্য তথ্যাবলী : সর্বোচ্চ দরদাতার নিকট মালামাল বিক্রয় করা হবে। দরপত্র দাখিলের দিন সর্বোচ্চ দরদাতা মোট মূল্যের শতকরা ৫০% মূল্য পরিশোধ করবেন এবং সম্পূর্ণ মূল্য পরিশোধ করে ০৭ (সাত) দিনের মধ্যে সকল মালামাল বর্তমান অবস্থান হতে সরিয়ে নিতে বাধ্য থাকবেন। অন্যথায় বায়নার টাকা গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। উল্লেখ্য যে, কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৩। আয়কর এবং ভ্যাট : সর্বোচ্চ দরদাতা যে দর দাখিল করবেন মালামাল বুঝে নেওয়ার পূর্বে অবশ্যই মোট মূল্যের উপর আলাদা ভাবে সরকার নির্ধারিত আয়কর (৪%) এবং ভ্যাট (৬%) প্রদান করতে হবে।


উপ-মহাপরিচালক (পূর্ত)
মহাপরিচালকের পক্ষে
ddgwks@bgb.gov.bd